অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ভেটেরান দিবসে, গভর্নর হোকল ভেটেরান ও তাদের পরিবারের সুরক্ষা ও সমর্থন জোরদার করে নতুন আইন ঘোষণা করলেন

আজকে সন্ধ্যায় অপারেশন গ্রিন লাইটের অংশ হিসেবে 17টি ল্যান্ডমার্ক সবুজ আলোয় আলোকিত হবে, যা নিউ ইয়র্কে শুরু হয়েছে কিন্তু এখন পুরো দেশে পালিত হচ্ছে

বিধিমালা (S.2089B/A.357A) গভর্নরকে নতুন করে স্থাপিত "নিউ ইয়র্ক স্টেট ভিয়েতনাম যুদ্ধের সম্মাননা মেডেল" প্রদান করার অনুমোদন প্রদান করে

বিধিমালা (S.2091C/A1310B) গভর্নরকে নতুন করে স্থাপিত "নিউ ইয়র্ক স্টেট কোরিয়ান যুদ্ধের সম্মাননা মেডেল" প্রদান করার অনুমোদন প্রদান করে

বিধিমালা (S.1961B/A3913B) চাকরিদাতাদের জন্য শ্রম বিভাগের তৈরি একটি ভেটেরানদের ভাতা ও সেবার পোস্টার কর্মীরা যেতে পারে এমন স্থানে প্রদর্শন করা আবশ্যক করে

বিধিমালা (S.6022B/A.5278B) উপযুক্ত শর্তসহ ভেটেরানদের জন্য বা যাদেরকে তাদের LGBTQ পরিচিতির জন্য অন্যায্যভাবে ডিসচার্জ করা হয়েছে তাদের সেনাবাহিনীর দায়িত্ব পালনের কৃতিত্ব পাওয়া আবশ্যক করে

বিধিমালা (S.2238B/A6551B) স্টেটের ভেটেরান্স হোমে থাকা ব্যক্তিদের জন্য একটি "সংরক্ষিত খারাপ দিন" পলিসি স্থাপন করে

বিধিমালা (S.7068A/A.7728A) প্রত্যয়িত দায়িত্বে-প্রতিবন্ধী হওয়া ভেটেরান-মালিকানাধীন ব্যবসাসমূহের জন্য বিশেষ কিছু লিঙ্কড ঋণ ও অর্থায়ন কর্মসূচির ক্ষেত্রে সুদমুক্ত সেবা প্রদান করে

বিধিমালা (S.8729/A.9590) ভেটেরান সেবা ডিভিশনকে নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান স্মৃতিসৌধগুলির একটি অনুসন্ধানযোগ্য ডেটাবেজ তৈরির নির্দেশ প্রদান করে।

বিধিমালা (S.8367/A.9183) নায়াগ্রা কাউন্টিকে ভেটেরানদের সংগঠনসমূহের জন্য বিশেষ কিছু ফি মওকুফ করার অনুমোদন প্রদান করে

গভর্নর ক্যাথি হোকল ঘোষণা করলেন যে নতুন আইনসমূহ ভেটেরান ও তাদের পরিবারের সুরক্ষা ও সমর্থন জোরদার করবে। গভর্নর ভেটেরান দিবসের (Veterans Day) সম্মাননায় বিধিমালার আটটি অংশ স্বাক্ষর করেছেন, যা আমেরিকান সামরিক দায়িত্বে থাকা, দেশ রক্ষায় নিজেদের জীবন ঝুঁকিগ্রস্ত করা সদস্যদের সমর্থনের প্রতি প্রশাসনের প্রতিশ্রুতিকে চিহ্নিত করে। পাশাপাশি, গভর্নর হোকল এই ইস্তেহার জারি করেছেন এবং নির্দেশ দিয়েছেন যে আজকে সন্ধ্যায় অপারেশন গ্রিন লাইটের (Operation Green Light) অংশ হিসেবে স্টেটের 17টি ল্যান্ডমার্ককে সবুজ আলোয় আলোকিত করা হবে, যা ভেটেরান এবং সামরিক দায়িত্বের সকল ক্ষেত্রে সামরিক সদস্যদের স্বীকৃতি প্রদান করার জন্য নিউ ইয়র্ক স্টেটে শুরু হয়েছে এবং এখন পুরো দেশে বিস্তৃত হয়েছে।

"আমাদের সামরিক সদস্যদের আমাদের থেকে কৃতজ্ঞতার থেকেও বেশি পাওনা রয়েছে, এবং আমাদের দায়িত্ব হলো তাদের ও তাদের পরিবারকে সমর্থন করা," **গভর্নর হোকল বলেন।** "ভেটেরান সংগঠনের ফি মওকুফ করা থেকে সুদমুক্ত ঋণ প্রদান করা পর্যন্ত, আমরা এখানে, নিউ ইয়র্কে, আমাদের ভেটেরানদের সফলতার পথের প্রতিবন্ধকতা অপসারণে কঠোর পরিশ্রম করছি। আমি তাদেরকে আমাদের স্বাধীনতা রক্ষা করার জন্য ধন্যবাদ জানাচ্ছি এবং ভবিষ্যতে তাদের অব্যাহত সমর্থন দিয়ে যেতে উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেটের ভেটেরান সেবা ডিভিশনের (New York State Division of Veterans' Services, DVS) পরিচালক ভিভিয়ানা ডেকোহেন বলেন, "আমরা গভর্নর হোকল এবং আইনসভার প্রতি কৃতজ্ঞ সামরিক দায়িত্বকে নিজেদের ঊর্ধ্বে রাখা এই ভেটেরানদের প্রতি তাদের অব্যাহত সমর্থন ও স্বীকৃতির জন্য। এই বিধিমালার পরিবর্তনসমূহ নিশ্চিত করবে যাতে আমরা নিউ ইয়র্কের সকল ভেটেরান, সামরিক সদস্য ও তাদের পরিবারকে সহায়তা করার আমাদের মিশন পূরণ করতে পারি যাতে তারা তাদের সামরিক সেবার মাধ্যমে উপার্জিত ভাতা পেতে পারে।"

বিধিমালা (S.2089B/A.357A) ভিয়েতনাম যুদ্ধের সম্মাননা মেডেল (Vietnam War Commemorative Medal) প্রতিষ্ঠা করে এবং গভর্নরকে তা 1955 সালের নভেম্বর ও 1975 সালের মে মাসের মধ্যে আর্মড ফোর্স বা দেশের বাইরে দায়িত্বে থাকা সংঘবদ্ধ মিলিশিয়ার সদস্যদের প্রদান করার অনুমোদন প্রদান করে।

বিধিমালা (S.2091C/A1310B) সামরিক আইনকে সংশোধন করে কোরিয়ান যুদ্ধের সম্মাননা মেডেল (Korean War Service Medal) প্রতিষ্ঠা করার জন্য এবং গভর্নরকে তা 1950 সালের জুন ও 1955 সালের জানুয়ারি মাসের মধ্যে আর্মড ফোর্স বা দেশের বাইরে দায়িত্বে থাকা সংঘবদ্ধ মিলিশিয়ার সদস্যদের প্রদান করার অনুমোদন প্রদান করে।

স্টেটের সিনেটর ড্যাফনি জর্ডান বলেন, "আমি অত্যন্ত আনন্দিত যে আমার দ্বিপক্ষীয় বিলসমূহ যা নিউ ইয়র্ক স্টেট কোরিয়ান যুদ্ধের সম্মাননা মেডেল এবং ভিয়েতনাম যুদ্ধের সম্মাননা মেডেল প্রতিষ্ঠা করে তা ভেটেরান দিবস 2022 এর জন্য স্টেটের আইন হিসেবে

স্বাক্ষরিত হয়েছে! এটি একটি দুর্দান্ত অর্জন যা আমি আমাদের কোরিয়ান যুদ্ধ ও ভিয়েতনাম যুদ্ধের ভেটেরানদের জানাতে পেরে গর্বিত, যাদের অনেকেই আমার বিধিমালাকে শক্ত সমর্থন করেছে এবং এটি পাশ করার পক্ষে কথা বলতে আমার সাথে যোগ দিয়েছে। নতুন এই মেডেলগুলি জনসমক্ষে গর্বের সাথে আমেরিকার ইউনিফর্ম পরিধান করা আমাদের কোরিয়ান যুদ্ধ ও ভিয়েতনাম যুদ্ধের ভেটেরানদের সেবা ও আত্মত্যাগের স্বীকৃতি প্রদান করবে, তাদের বীরত্ব ও দেশপ্রেমকে চিরতরে সাজিয়ে রাখবে এবং নিশ্চিত করবে যাতে তাদের কখনো ভুলে না যাওয়া হয়। আমার বিলগুলির নিউ ইয়র্ক স্টেট আইন হিসাবে স্বাক্ষরিত হওয়া আমাদের কোরিয়ান যুদ্ধ ও ভিয়েতনাম যুদ্ধের ভেটেরানদের জন্য একটি দুর্দান্ত বিজয়, এবং আমি গভর্নর ক্যাথি হোকলের প্রতি কৃতজ্ঞ এটি করার জন্য। আমি আমাদের আর্মড ফোর্সের নারী পুরুষদের প্রতি কৃতজ্ঞ যারা আমাদের দেশের প্রতিরক্ষা করেছে এবং আমাদের জীবনযাপনের পন্থাকে সংরক্ষণ করেছে। আমরা এই সাহসী আমেরিকান বীরদের কাছে সবকিছুর জন্য ঋণী এবং তাই আমরা ভেটেরান দিবস পালন করছি এবং তাদের অবিচল, সম্মানযোগ্য, বিশ্বস্ত দায়িত্ব পালনের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম বি. ম্যাগনারেলি বলেন, "কোরিয়ান যুদ্ধ ও ভিয়েতনাম যুদ্ধের ভেটেরানরা অসাধারণ বীরত্ব ও সাহসিকতার সাথে লড়াই করেছে। বহু ক্ষেত্রে, বাড়ি ফেরার পর তাদের অভ্যর্থনা ছিলো নীরব, অপর্যাপ্ত, এবং কিছু দুর্ভাগ্যজনক ক্ষেত্রে, সম্পূর্ণ আক্রমণাত্মক। তাদের সম্মানযোগ্য সেবা ও আত্মত্যাগের জন্য তাদের যথাযথ সম্মান ও স্বীকৃতি প্রাপ্য। নিউ ইয়র্ক স্টেট সম্মাননা মেডেল যারা এইসব যুদ্ধে দায়িত্ব পালন করেছে তাদের স্বীকৃতি ও প্রশংসার একটি উপায় প্রদান করে।"

বিধিমালা (S.1961B/A3913B) চাকরিদাতাদের জন্য ভেটেরানদের সেবা ও ভাতা সম্পর্কে তথ্যসহ একটি পোস্টার প্রদর্শন করা আবশ্যক করে যা শ্রম বিভাগ (Department of Labor) দ্বারা তৈরি ও বিতরণ করা হবে। পোস্টারটি অবশ্যই এমন স্থানে প্রদর্শন করতে হবে যেখানে তা 50 জনের বেশি পূর্ণকালীন সমতুল কর্মচারীসহ সকল চাকরিদাতাদের অধীনে কাজ করা সকলে দেখতে পারবে।

স্টেটের সিনেটর জন ই. ব্রুকস বলেন, "আমাদের ভেটেরানরা আমাদের স্বাধীনতা ও জীবনযাত্রার পন্থাকে সুরক্ষিত রাখতে নিজেদের জীবন ঝুঁকিগ্রস্ত করেছে, আমরা তাদের জন্য নিদেনপক্ষে যা করতে পারি তা হলো এটি নিশ্চিত করা যে যখন তারা বাড়ি ফিরবে তখন যেনো তাদেরকে তাদের প্রাপ্য ফেডারেল ও স্টেট ভাতা অর্জন করার সুযোগ পাওয়া নিয়ে মোটেই দুশ্চিন্তা করতে না হয়। নিউ ইয়র্কের ভেটেরানদের একটি বড় সংখ্যা জানে না যে তাদের সেবার জন্য তাদের বিলিয়ন বিলিয়ন মার্কিন ডলার ভাতা প্রাপ্য রয়েছে, সেই কারণে, আমি অতি কৃতজ্ঞ যে গভর্নর হোকল এই বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করেছেন যাতে করে এইসব ভাতা ও সেবার ব্যাপারে জানানোর একটি কেন্দ্রীয় অবস্থান তৈরি করা হয় এবং আরো বেশি ভেটেরানের কাছে পৌঁছে দেওয়া হয়। যদি এটি এই ব্যাপারে জানানো এবং আমাদের ভেটেরানদের কাছে অর্থ পৌঁছে দেওয়ার দীর্ঘ পথে একটি ক্ষুদ্র পদক্ষেপ, কিন্তু এটি ভেটেরান গৃহহীনতা, মানসিক স্বাস্থ্য সমস্যা, এবং তাদের সার্বিক আর্থিক সুস্থতার বিষয়ে একটি গুরুত্বপূর্ণ ধাপ।"

অ্যাসেম্বলি সদস্য ক্যারেন ম্যাকম্যাহন বলেন, "আমাদের দেশের প্রতি নিঃস্বার্থ সেবাদানের পর, ভেটেরান ও সামরিক পরিবারগুলি যখন নাগরিক জীবনে ফেরত আসবে তখন আমাদের সমর্থন তাদের প্রাপ্য। এই বিধিমালাটি একটি স্ট্যান্ডার্ডাইজড কর্মক্ষেত্রের পোস্টিং আবশ্যিক করে যা নিশ্চিত করবে যাতে ভেটেরান সেবা ও সংস্থান সম্পর্কে তথ্য সহজে উপলভ্য হয়। আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি আজকে এই বিধিমালাটি স্বাক্ষরের মাধ্যমে সকল সামরিক ভেটেরানকে সম্মান জানানোর জন্য, যখন আমরা ভেটেরান দিবসে তাদের আত্মত্যাগকে স্বীকৃতিদান করছি।"

বিধিমালা (S.6022B/A.5278B) উপযুক্ত শর্তসহ ভেটেরানদের এবং যারা তাদের লেসবিয়ান, গে, বাইসেকসুয়াল, ট্রান্সজেন্ডার, কুইয়ের (Lesbian, Gay, Bisexual and Transgender, Queer, LGBTQ) পরিচিতির জন্য অন্যায্যভাবে ডিসচার্জ হয়েছে তাদেরকে বিশেষ বিধানের জন্য সংযোজিত করবে যা এমন ভেটেরানদের জন্য প্রযোজ্য যারা সম্মানের সাথে সামরিক সেবা থেকে ডিসচার্জ হয়েছে বা অব্যাহতি পেয়েছে। আইনটি অবসর ও সামাজিক নিরাপত্তা আইনকে (Retirement and Social Security Law) সম্প্রসারিত করে, স্টেটের সরকারি অবসর ব্যবস্থার সদস্যদেরকে সামরিক সেবার জন্য ক্রেডিট প্রদানের ব্যাপারে।

স্টেটের সিনেটর ব্র্যাড হোয়েলম্যান বলেন, "যখন 'প্রশ্ন করবেন না, বলবেন না (Don't Ask, Don't Tell)' যুগ চলছিলো, তখন স্টেটের আইনের অধীনে LGBTQ ভেটেরানদের অসম্মানের সাথে ডিসচার্জ করা হয়েছে, তাদের ক্যারিয়ার এবং গুরুত্বপূর্ণ অবসর ভাতা ছিনিয়ে নেওয়া হয়েছে। আমরা এটি ঠিক করতে সাহায্য করছি 2019 সালে পাশ হওয়া আমাদের "সম্মান পুনঃস্থাপনের অ্যাক্টের (Restoration of Honor Act)" অধীনে কয়েক ডজন নিউ ইয়র্ক স্টেট ভাতা পুনঃস্থাপন করার মাধ্যমে। এখন, আজকের ভেটেরান দিবসে, আমরা এই অন্যায্য ও বৈষম্যমূলক পরিস্থিতির আরো প্রতিকার করছি আমাদের বিলের মাধ্যমে যাতে নিশ্চিত করা যায় যে "প্রশ্ন করবেন না, বলবেন না-র" অধীনে ডিসচার্জ হওয়া LGBTQ ভেটরা যাতে অবসর ও পেনশন ভাতার জন্য স্টেটের সামরিক বাইব্যাক কর্মসূচিতে অংশগ্রহণের জন্য যোগ্য হতে পারে। আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ অ্যাসেম্বলি সদস্য ব্যারেটের সাথে করা আমার বিলটি স্বাক্ষর করার জন্য এবং, সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্সের প্রতি কৃতজ্ঞ এই বিলটিকে ভোটের জন্য উত্থাপন করার জন্য এবং SAGE ভেটসের প্রতি কৃতজ্ঞ তাদের অ্যাডভোকেসির জন্য। এই বিধিমালার কারণে, আমাদের LGBTQ ভেটেরানরা তাদের সেক্সুয়াল ওরিয়েন্টেশন বা লিঙ্গ পরিচিতি বা বহিঃপ্রকাশ নির্বিশেষে সেই ভাতা পাবে যা তারা আমাদের দেশের সেবায় অর্জন করেছে।"

বিধিমালা (S.2238B/A6551B) একটি "সংরক্ষিত খারাপ দিন" পলিসি স্থাপন করে স্টেটের ভেটেরান্স হোমে (State Veterans' Homes) বসবাসরত ব্যক্তিদের জন্য, যাদের মধ্যে আছে ভেটেরান, স্বামী বা স্ত্রী এবং ভেটেরানদের বিধবা, গোল্ড স্টার পিতামাতা (Gold Star Parents), এবং তাদের উপর নির্ভরশীলেরা। একটি "সংরক্ষিত খারাপ দিন" হলো এমন একটি দিন যার জন্য নিউ ইয়র্ক স্টেট ভেটেরান্স হোমকে স্টেট অর্থ পরিশোধ করে একজন যোগ্য বাসিন্দার জন্য শয্যাটি ধরে রাখার জন্য যখন সে অস্থায়ীভাবে হাসপাতালে ভর্তি থাকে, যাতে করে বাসিন্দার কাছে স্টেটের ভেটেরান্স হোমে ফেরত আসার জন্য একটি শয্যা থাকে।

স্টেটের সিনেটর জন ই. ব্রুকস বলেন, "আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই এই গুরুত্বপূর্ণ বিলটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য, যা আমাদের সবথেকে দুর্বল ভেটেরানদের সুরক্ষা দান করবে। একটি স্টেটের ভেটেরান্স হোমে বসবাসরত সকলে এখন সুরক্ষিত থাকবে যদি তাদের কখনো অস্থায়ীভাবে অন্যস্থানে সেবা নিতে এজেতে হয় এবং তারা হোমে নিজেদের স্থান আত্মসমর্পণ করতে বাধ্য হবে না। এটি অপ্রচলিত নয় যে আমাদের স্টেটের ভেটেরান্স হোমগুলি পূর্ণ ধারণক্ষমতাতে রয়েছে, এবং বর্তমান ব্যবস্থার অধীনে যদি কোনও ভেটেরানকে এক বা দুইদিনের জন্য কোনও চিকিৎসা প্রক্রিয়া বা বিশেষ সেবার জন্য চলে যেতে হয় তাহলে তারা ফেরত আসতে পারবে না বা তাদের সংরক্ষিত স্থানটি ধরে রাখতে পারবে না কারণ এটি অপেক্ষা তালিকায় থাকা অন্য একজন ভেটেরানকে দিয়ে দেওয়া হবে। ফলে, এই বিলটি আমাদের সামরিক সম্প্রদায়ের সবথেকে দুঃস্থ সদস্যরা যাতে আশ্রয়ের একটি স্থায়ী উৎস খুঁজে পাওয়া ও ধরে রাখার চাপে জর্জরিত না হয় তা নিশ্চিত করার জন্য একটি বিশাল বিজয়।"

বিধিমালা (S.7068A/A.7728A) প্রত্যয়িত দায়িত্বে-প্রতিবন্ধী হওয়া ভেটেরান-মালিকানাধীন ব্যবসা এন্টারপ্রাইজগুলির জন্য বিশেষ কিছু লিঙ্কড ঋণ সুদমুক্ত করে এবং কোনও এজেন্সি বা কর্তৃপক্ষ বা স্টেট বা স্থানীয় সরকারের অন্য কোনও এনটিটির সাথে একটি চুক্তির ব্যবস্থা করার জন্য প্রয়োজনীয় সমর্থন ও অর্থায়ন প্রদান করে।

স্টেটের সিনেটর জন ই. ব্রুকস বলেন, "আমেরিকান স্বপ্নের ধারণা, যেখানে যে কেউ, তাদের আর্থিক অবস্থা নির্বিশেষে, একটি স্বপ্নের পেছনে ছুটতে পারে এবং তা থেকে সমৃদ্ধি করতে পারে, এই ধারণাটিই এই দেশকে মহান করেছে। আমাদের সামরিক ভেটেরান যারা আমাদের দেশের এই কেন্দ্রীয় ভিত্তিকে প্রতিরক্ষা করতে সাহায্য করেছে, তাদের জন্য এই স্বপ্নটি পাওয়া আরো সহজ হওয়া উচিত। আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি অনেক আত্মত্যাগ করা আমাদের ভেটেরানদের স্বীকৃতিতে বিধিমালার এই অংশটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য। যখন তারা একটি ব্যবসা শুরু করতে পারতো তখন এর পরিবর্তে তারা তাদের জীবনের সবথেকে গুরুত্বপূর্ণ বছরগুলি আমাদের দেশকে প্রদান করেছে, তাই আমাদের ভেটেরানরা এখন তাদের নিজেদের ব্যবসায়িক স্বপ্ন পূরণ করার সুযোগ পাবে।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ স্টার্ন বলেন, "আমি গর্বিত যে আমাদের মহান দেশের জন্য অনেক আত্মত্যাগ করেছে এমন ব্যবসার মালিকদের সমর্থনে আমার বিধিমালাটি আইন হিসেবে স্বাক্ষরিত হয়েছে। এক্সেলসিয়র লিঙ্কড ডিপোজিট কর্মসূচি (Excelsior Linked Deposit Program) আমাদের প্রতিবন্ধী সামরিক ভেটেরানদের ক্ষমতায়ন করবে যাতে তারা নিউ ইয়র্ক স্টেটে তাদের ব্যবসার প্রবৃদ্ধির জন্য অতি গুরুত্বপূর্ণ অর্থায়ন পেতে পারে এবং নিশ্চিত করবে যাতে আমরা শুধু ক্যালেন্ডারের বিশেষ কিছু দিনে আমাদের সামরিক সদস্য ও তাদের পরিবারকে উদযাপন না করি, বরং প্রতিদিন তা করি এমন অর্থপূর্ণ সমর্থন দ্বারা যা অর্থনৈতিক বিকাশের প্রচার করে এবং আমাদের ঘরের বীরদের নিঃস্বার্থ সেবার স্বীকৃতি দান করে। ধন্যবাদ গভর্নর হোকলকে এই গুরুত্বপূর্ণ বিধিমালাকে স্বাক্ষর করার জন্য।"

বিধিমালা (S.8729/A.9590) ভেটেরান সেবা ডিভিশনকে নির্দেশ করে স্টেটের মধ্যে অবস্থিত ভেটেরান স্মৃতিসৌধগুলির একটি অনুসন্ধানযোগ্য ডেটাবেজ তৈরির জন্য যেখানে একটি

স্মৃতিসৌধের অবস্থান এবং এই স্মৃতিসৌধটি কোন ভেটেরান বা যুদ্ধের জন্য সম্মান জানাচ্ছে সেই সম্পর্কে তথ্য থাকবে।

স্টেটের সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন, "একজন মেরিন কোর (Marine Corps) ভেটেরান হিসেবে, আমি গর্বিত যে আমি এমন একটি বিধিমালা উপস্থাপন করেছি যা ভেটেরান দিবসে আইন হিসেবে স্বাক্ষরিত হয়েছে। স্টেটের মধ্যে অবস্থিত ভেটেরান স্মৃতিসৌধগুলির এই অনুসন্ধানযোগ্য ডেটাবেজ তৈরি হলে তা পরিবার, বন্ধু ও জনগণকে আরো সহজে এই সাইটগুলিতে যাওয়ার এবং আমাদের দেশের জন্য সেবাদানকারী এই নিবেদিত ব্যক্তিদের সম্মান জানানোর সুযোগ পাবে এবং তাদেরকে তাদের প্রাপ্য সম্মান প্রদান অব্যাহত থাকবে।"

বিধিমালা (S.8367/A.9183) নায়াগ্রা কাউন্টিকে স্থানীয় আইন দ্বারা ভেটেরান সংগঠনগুলির জন্য বিশেষ কিছু ফি মওকুফ করার অনুমোদন প্রদান করে, যার মধ্যে রয়েছে ভবনের অনুমতির রিভিউ ফি এবং কাউন্টিতে অবস্থিত কোনও ভেটেরান সংগঠনের মালিকানাধীন পোস্ট বা হলের ক্যাপিটাল উন্নয়নকাজের সাথে সংশ্লিষ্ট ফি থাকবে, কিন্তু যা এর মধ্যে সীমাবদ্ধ থাকবে না।

স্টেটের সিনেটর রবার্ট জি. ওর্ট বলেন, "এই আইনটি আমাদের স্থানীয় ভেটেরান সংগঠনগুলিকে নিজেদের ফ্যাসিলিটিসমূহ ধরে রাখতে এবং সম্প্রসারণ করতে সাহায্য করবে, যা তাদের প্রদত্ত সেবা এবং তারা যেই বীরদের সম্মান জানায় তার কারণে তাদের সম্প্রদায়ের স্তম্ভ হিসেবে দাঁড়িয়ে আছে।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম কনরাড বলেন, "আমাদের ভেটেরান সংগঠনগুলি আমাদের সেনাবাহিনীতে দায়িত্ব পালন করা নারী পুরুষদের তাদের প্রাপ্য সামাজিক, আবেগিক এবং ব্যবহারিক সমর্থন পাওয়ার সুযোগ প্রদান করে। আমরা বলে শেষ করতে পারবো না এইসব সংগঠন এবং তাদের জমায়েত হওয়ার স্থান আমাদের সম্প্রদায়সমূহ এবং তারা যাদের সেবাদান করে তাদের জন্য কতটা গুরুত্বপূর্ণ। অ্যাসেম্বলিতে এই বিলটি স্পন্সর করতে পারা আমার জন্য সম্মানের ব্যাপার, যাতে ভেটেরান হল এবং পোস্টের ক্যাপিটাল উন্নয়নকাজের আর্থিক চাপ সহজ করতে সাহায্য করা যায়। আমি আমার সহকর্মীদেরকে এই বিধিমালার পক্ষে তাদের দ্বিপক্ষীয় সমর্থনের জন্য ধন্যবাদ জানাতে চাই, এবং আমি বিশেষ করে গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ এটিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য।"

ভেটেরান ও সামরিক সদস্যদের সেবা ও প্রতিশ্রুতির স্বীকৃতি দিতে অপারেশন গ্রিন লাইটের অংশ হিসেবে এই 17টি ল্যান্ডমার্ক ও ব্রিজ সবুজ আলোয় আলোকিত হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center, 1WTC)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- এম্পায়ার স্টেট প্লাজা
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার

- নায়াগ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবেনি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স
- লেক প্লাসিড অলিম্পিক সেন্টার (The Lake Placid Olympic Center)
- মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন কর্তৃপক্ষ (Metropolitan Transportation Authority, MTA) লং আইল্যান্ড রেলরোড (Long Island Rail Road, LIRR) - পেন স্টেশনের ইস্ট এন্ড গেটওয়ে
- ইরি ক্যানেলের উপরস্থ ফেয়ারপোর্ট লিফট ব্রিজ
- ময়নিহান ট্রেন হল

নিউ ইয়র্ক স্টেট কাউন্টি ভেটেরান সেবা কর্মকর্তাদের অ্যাসোসিয়েশনের (New York State County Veteran Service Officers Association) প্রেসিডেন্ট এবং টিয়াগো কাউন্টি ভেটেরান সেবা এজেন্সির পরিচালক মাইকেল মিডডো বলেন, "যেহেতু আমরা নিজেরা ভেটেরান, তাই আমরা বুঝি ভেটেরান ও তাদের পরিবার কী কী আত্মত্যাগ করে থাকে যার জন্য তাদের শুধু "ধন্যবাদ" বলা যথেষ্ট মনে হয় না। অপারেশন গ্রিনলাইট হলো একটি ছোট উপায় যার মাধ্যমে আমাদের সম্প্রদায়ের সকলে আমাদের ভেটেরানদের জানাতে পারে তাদের সেবা ও আত্মত্যাগ আমাদের জন্য কতটা অর্থপূর্ণ এবং এটি ধন্যবাদ বলার একটি বাস্তব উপায়! আমরা গভর্নর হোকল এবং ভেটেরান সেবা ডিভিশনের সাথে অংশীদারিত্ব করতে পেরে সম্মানিত বোধ করছি সচেতনতা এবং আশার "সবুজ আলো জ্বালানোর" জন্য এবং আমাদের যেই বীরেরা তাদের দেশের জন্য এতো সেবাদান করেছে তাদের সম্মান জানাচ্ছি।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্টি নির্বাহীদের অ্যাসোসিয়েশনের (President of the New York State County Executives' Association) প্রেসিডেন্ট এবং পাটন্যাম কাউন্টি নির্বাহী ম্যারিএলেন ওডেল বলেন, "দূরবর্তী উপকূলে আমাদের স্বাধীনতা ও গণতন্ত্রের প্রতিরক্ষা বা আমাদের দেশের মাটিকে নিরাপদ রাখা যাই হোক না কেনও, আমাদের ভেটেরানদের সকলেই অসাধারণ আত্মত্যাগ করেছে যার জন্য স্বীকৃতি ও সম্মান প্রাপ্য। অপারেশন গ্রিন লাইট একটি ছোট উপায় যার মাধ্যমে আমরা আমাদের ভেটেরান ও তাদের পরিবারকে দেখতে পারি যে আমরা তাদের আত্মত্যাগের জন্য কৃতজ্ঞ, এবং আমরা সম্মানিত বোধ করছি যে গভর্নর হোকল এবং ভেটেরান সেবা ডিভিশন আমাদের বীরদের জন্য আশা ও সমর্থনের একটি সবুজ আলো জ্বালাতে আমাদের সাথে যোগ দিচ্ছে।"

নিউ ইয়র্ক স্টেট কাউন্টি অ্যাসোসিয়েশনের (New York State Association of Counties) প্রেসিডেন্ট এবং ক্লিনটন কাউন্টির প্রশাসক মাইকেল ই. জুরলো বলেন, "নিউ ইয়র্ক স্টেট এবং আমাদের কাউন্টিগুলি আমাদের ভেটেরান সম্প্রদায়কে সমর্থনে, ভেটদের তাদের উপার্জিত ভাতা ও সেবার সাথে সংযুক্ত করে দিতে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আমরা আরেকবার গভর্নর হোকল এবং ভেটেরান সেবা ডিভিশনের সাতে অংশীদারিত্ব করতে পেরে অত্যন্ত গর্বিত, শুধু আমাদের কৃতজ্ঞতা ও সমর্থনের একটি দৃশ্যমান প্রতীক তৈরির

জন্য না, বরং এই বীরদের জন্য উপলভ্য সংস্থানসমূহের ব্যাপারে সচেতনতা বৃদ্ধির জন্য, যাদের মধ্যে অনেকেই আমাদের দেশের প্রতি তাদের সেবাদানের সময়কার অদৃশ্য জখম বহন করে চলেছে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418